# মোটরযানে হেড লাইট, দিক নির্দেশক (Indicator) এবং স্টপ লাইটের ব্যবহার সংক্রান্ত জরুরি বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সড়ক পরিবহণ আইন, ২০১৮ এর ৪০ ধারা অনুযায়ী কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত কারিগরি বিনির্দেশের (Technical Specification) ব্যত্যয় ঘটিয়ে কোনো সংকেত প্রদানের লাইট যেমন; হেড লাইট, দিক নির্দেশক (Indicator) এবং স্টপ লাইট ব্যবহারের কোনো সুযোগ নেই। সড়ক পরিবহণ বিধিমালা, ২০২২ এর বিধি-৭৮ এবং ৯৮ তে মোটরযানে ব্যবহৃত হেড লাইট, দিক নির্দেশক (Indicator) এবং স্টপ লাইট-এর রং, অবস্থান, দৃশ্যমান দূরত্ব, লাইটের সংখ্যা, লাইটের বিস্তৃতি প্রভৃতি সুনির্দিষ্টভাবে উল্লেখ রয়েছে। লক্ষ্য করা যাচ্ছে যে, কিছু কিছু মোটরযানে প্রচলিত আইন ও বিধি-বিধানে বর্ণিত সংকেত প্রদানের লাইট সংক্রান্ত শর্তাদি লঙ্ঘন করে সড়ক, মহাসড়কে মোটরযান চালনা করা হচ্ছে, যা আইনত দণ্ডনীয় অপরাধ।

এমতাবস্থায়, সড়ক পরিবহণ আইন, ২০১৮ ও সড়ক পরিবহণ বিধিমালা, ২০২২ অনুযায়ী মোটরযানে সংকেত প্রদানের লাইট যেমন; হেড লাইট, দিক নির্দেশক (Indicator) এবং স্টপ লাইট ব্যবহারের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো। অন্যথায়, এ বিষয়ে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

**বিআরটিএ**